মেহেরপুরে ধ*র্ষ*ণ মামলার

আসামি গ্রেফতার

মেহেরপুরে ধর্ষণ মামলার এজাহারনামীয় পালাতক আসামীকে আটক করেছে গাংনী র্যাব সিপিসি ১২ র একটি দল। গতকাল শনিবার (২ ডিসেম্বর) রাত ১১ টার দিকে মেহেরপুর কলেজ মোড় এলাকায় অভিযান চালিয়ে আবু রায়হান(২৮) কে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামী আবু রায়হান(২৮) রাজশাহী লাউবাড়িয়া গ্রামের মোঃ ওয়াজেদের ছেলে।

গাংনী র্যাব সিপিসি ১২ ক্যাম্পের কোম্পানীর কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান বলেন, অতিরিক্ত ডিআইজি (অধিনায়ক র্যাব-১২) মোঃ মারুফ হোসেন পিপিএমের নির্দেশনায় গতকাল শনিবার (২ ডিসেম্বর) রাত ১১ টার দিকে গোপন সাংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর থানার কলেজ মোড় এলাকায় অভিযান চালিয়ে রাজশাহীর বাগমারা থানার মামলা নং-০৬, তারিখ-১০/১১/২৩ ইং, নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/২০২০) এর ৯(১) নিমিত্তে ধর্ষণ মামলার এজাহারনামীয় আসামীকে গ্রেফতার করতে সক্ষম হই ।

আজ রবিবার সকালের দিকে গ্রেফতারকৃত আসামীকে রাজশাহী বাগমারা থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে ডামি বন্দুকের

উত্তেজনা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আর মাত্র ৩৪ দিন বাকি। ভোটের দিন যত ঘনিয়ে আসবে মাঠের উত্তেজনা ততই বাড়বে। সেই সঙ্গে বাড়বে প্রতিদ্বন্দ্বিতায় থাকা প্রার্থীদের অভিযোগের পরিমাণও, এটাই স্বাভাবিক। তবে ভোটের মাঠের অধিকাংশ উত্তেজনা ছড়িয়ে পড়ে প্রার্থীরা প্রচার-প্রচারণায় মুখোমুখি অবস্থায় গেলেই। কিন্তু

মেহেরপুরে এই উত্তেজনা এবার ভিন্ন রূপ ধারণ করেছে আনুষ্ঠানিক প্রচার প্রচারণা শুরুর অনেক আগেই।

মূলত বাকযুদ্ধের সূত্রপাত হয় আনুষ্ঠানিকভাবে দলীয় মনোনয়ন জমা দেওয়ার আগের দিন মুজিবনগর স্মৃতিসৌধে স্বতন্ত্র প্রার্থী নিয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর একটি বক্তব্য, এবং পরদিন স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র দাখিল করার পর শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে যেয়ে সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের প্রতি উত্তরের মাধ্যমে। ডামি বন্দুকের বাকযুদ্ধ এখন আর শুধু দুই প্রার্থীর মধ্যে সীমাবদ্ধ নেই। তাদের সমর্থক, সাধারণ ভোটার ও চায়ের দোকানেও ছড়িয়ে পড়েছে বাকযুদ্ধ।

স্বতন্ত্র প্রার্থী নিয়ে সম্প্রতির জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের করা একটি মন্তব্যের উত্তরে তার প্রধান প্রতিদ্বন্দ্বী আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নান জনপ্রশাসন প্রতিমন্ত্রীকে নাবালক এবং ময়মনসিংহের ভাষায় গেদা আখ্যায়িত করে বলেন, ‘একটা নাবালকের কথার উত্তরে আমি বলবো,আমার বন্ধুকের নল নেই সত্য। কিন্তু আমার বন্ধুকে ফুল ও ভালোবাসা আছে। আমি বন্দুকের গুলি ছুড়তে আসিনি। আমি প্রেম ও ভালোবাসা দিয়ে জনগণের মন জয় করে নির্বাচনে জিততে এসেছি।’

অপরদিকে গত ২৯ নভেম্বর বুধবার দুপুরে মুজিবনগর স্মৃতিসৌধে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনর পর সাংবাদিকদের জনপ্রশাসন প্রতিমন্ত্রী বলেছিলেন, ‘স্বতন্ত্র প্রার্থী মানেই আওয়ামী লীগের ডামি ক্যান্ডিডট, যার নলও নাই, গুলিও নাই। সেটি ফুটবেওনা, কারো ক্ষতিও করবে না। একটি অংশ গ্রহণ মূলক নির্বাচনের জন্যই তাদেরকে দলের পক্ষ থেকে স্বতন্ত্র প্রার্থী হিসাবে রাখা হয়েছে। যাতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় কেউ বিজয়ী না হয়।’

উল্লেখ্য, মেহেরপুর-১ সংসদীয় আসন ১১ টি ইউনিয়ন, ১ টি পৌরসভা ও ২ টি উপজেলা নিয়ে গঠিত। এর মোট ভোটার সংখ্যা ৩ লক্ষ ৩৭ জন, এর মধ্যে পুরুষ ভোটার ১ লক্ষ্য ৪৯ হাজার ৫৫৬ জন ও মহিলা ভোটার ১ লক্ষ ৫০ হাজার ৪৮১ জন।

নির্বাচন কমিশন ঘোষিত তফসিল অনুযায়ী ভোট হবে ৭ জানুয়ারি। রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের কাছে মনোনয়ন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ছিলো ৩০ নভেম্বর। মনোনয়ন পত্র যাচাই-বাছাই সম্পন্ন হবে ১ থেকে ৪ ডিসেম্বর পর্যন্ত। প্রার্থিতা

প্রত্যাহারের শেষ দিন ১৭ ডিসেম্বর। প্রতীক বরাদ্দ করা হবে ১৮ ডিসেম্বর। এবং এদিন থেকেই প্রার্থীরা প্রচার শুরু করতে পারবেন। নির্বাচনী প্রচারণার শেষ হবে ৫ জানুয়ারি সকালে।

মেহেরপুরে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন দিবস পালিত

মেহেরপুরে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন দিবস ২০২৩ উপলক্ষে র্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

শনিবার সকাল ১০ টার দিকে র্যালীটি জেলা শিল্পকলা একাডেমী থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসক কার্যালয় চত্বরে এসে শেষ হয়। র্যালীটি নেতৃত্ব করেন মেহেরপুর জেলা প্রশাসক শামীম হাসান।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এসময় সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মোঃ মঈন-উল-আলম, শহীদ সেবা সংস্থার নির্বাহী পরিচালক মোঃ রিন্টু চৌধুরী, পলাশী পাড়া সমিতির প্রকল্প পরিচালক মোঃ কামরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে রেড ক্রিসেন্ট সোসাইটির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরে রেড ক্রিসেন্ট সোসাইটির ৫১ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। মেহেরপুর ইউনিট রেড ক্রিসেন্ট সোসাইটির আয়োজনে

শনিবার (২ ডিসেম্বর) সকাল ১১ টার দিকে মেহেরপুর জেলা পরিষদের সভা কক্ষে এ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

জেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর ইউনিট রেড ক্রিসেন্ট সোসাইটির সভাপতি আব্দুস সালামের সভাপতিত্বে বার্ষিক সাধারণ সভায় রেড ক্রিসেন্ট সোসাইটির ভাইস-চেয়ারম্যান এ্যাড. ইয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক খন্দকার একরামুল হক, সদস্য এ্যাড. এ কে এম শফিকুল আলম, এ্যাড. খন্দকার আব্দুল মতিন, শামীম আরা হারী, কে এম ফজলুল করিম, মোঃ সাজ্জাদুল, যুবনেতা খন্দকার শামসুজোহা সোহাগ প্রমুখ উপস্থিত ছিলেন।

বার্ষিক সাধারণ সভার পরে বাংলাদেশ রেড ক্রিসেন্ট মেহেরপুর ইউনিটের ত্রৈ-বার্ষিক নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়।

মেহেরপুরে বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার, কিন্তু বোমাটি ছিলো নকল

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামে একটি একতলা বাড়ির ছাদ থেকে বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার করে উর্ধতন কর্তৃপক্ষকে জানায় পুলিশ। উত্তেজনা পূর্ণ দিন অতিবাহিত করার পর রাতে বোম্ব ডিসপোজাল ইউনিট এসে জানালো নকল বোমা।

গতকাল শুক্রবার (১লা ডিসেম্বর) দিবাগত মধ্যরাতে (৩:৩০) গোপন খবরের ভিত্তিতে পিরোজপুর পুলিশ ফাড়ির সদস্যরা পিরোজপুর বাজার পাড়ার নইমুদ্দিনের ছেলে মোঃ মিঠুন (২৫) এর একতলা বসতবাড়ীর ছাদে বোমা সাদৃশ্য বস্তু থাকায় অভিযোগে বাড়িটি ঘিরে রেখেছিলো।

পিরোজপুর পুলিশ ফাঁড়ি সূত্রে জানা গেছে, প্রাথমিক অনুসন্ধানে ঘটনাটির সাথে মিঠুনের সম্পৃক্ততার প্রমাণ পাওয়া যায়নি। গোপন তথ্যের ভিত্তিতে পুলিশ ক্যাম্পের সদস্যগণ ঘটনাস্থলে এসে বাড়ির দরজা খুলতে বললে বাড়ির সদস্যগণ গেইট খুলে দেয়। এরপর বাড়ির ছাদে

গেলে একটি সিমেন্টের ব্যাগে লালটেপ প্যাচানো অবস্থায় ২ টি বোমাসদৃশ কৌটা ও পত্রিকার কাগজে মোড়ানো অবস্থায় ১ টি অজ্ঞাত বস্তু দেখতে পেয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করলে র্যাবের একটি বিশেষ দল এসে ঘটনাস্থল পরিদর্শন করে এবং বোম্ব ডিসপোজাল ইউনিটকে ঘটনাস্থলে আসার আহ্বান জানায়।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম বলেন, ‘উদ্ধারকৃত বস্তুু দুটি বোমা কি না নিশ্চিত হতে পরীক্ষা- নিরীক্ষার প্রক্রিয়া চলছে। তদন্ত সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।’

গাংনী র্যাব সিপিসি-১২ ক্যাম্পের কমান্ডার সরকারি পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান বলেন, ‘আমাদের টিম ঘটনাস্থল পরিদর্শন করে এসেছে। বোমাটি সেখানেই পুলিশ ঘির। যশোর থেকে বোমা ডিসপোজাল ইউনিটের সদস্যরা আসছেন। এরপর বিস্তারিত বলা যাবে। ‘

সন্ধ্যায় বোম্ব ডিসপোজাল ইউনিটের টিম এসে পরিক্ষা নিরিক্ষা করার পর আনুষ্ঠানিকভাবে প্রেসব্রিফিং করে জানায় উদ্ধারকৃত বোমা সদৃশ্য বস্তু গুলি নকল বোমা।

মেহেরপুরের কলাইডাঙ্গায় পুকুরে ডুবে নিভে গেলো শিশুর জীবন প্রদীপ

মেহেরপুর সদর উপজেলার কলাইডাঙ্গা গ্রামে বাড়ীর পাশ্ববর্তী পুকুরের পানিতে ডুবে সাইমন (২) নামের এক শিশুর নিভে গেলো জীবন প্রদীপ ।
শুক্রবার সকাল আটটার দিকে শিশুটির বাড়ীর অদূরবর্তী একটি পুকুরে ডুবে তার মৃত্যু হয়। পরিবারের লোকজন পুকুর থেকে তার মরদেহ উদ্ধার করে। সাইমন কলাইডাঙ্গা পশ্চিম পাড়ার দিনমজুর হাসান আলীর একমাত্র পুত্র।
পারিবারিক সূত্রে জানা যায়, সকালে বাড়ীর আঙ্গিনায় খেলা করছিল

শিশু সাইমন। হঠাৎ করেই তাকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। তারপর শুরু হয় খোঁজাখুঁজি। একপর্যায়ে বাড়ির অদূরে মুকুল মেম্বারের একটি অরক্ষিত পুকুরে তার ভাসমান দেহটি দেখতে পেয়ে প্রতিবেশীরা উদ্ধার করে। পরে ২৫০ শয্যা মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। শিশু সাইমনের মরদেহ বাড়ীতে আসলে পরিবার পরিজন আত্নীয় স্বজনের কান্নার রোল পড়ে যায়। ফুটফুটে মাছুম বাচ্চার মুখটি একনজর দেখার জন্য ভীড় করে স্বজন ও প্রতিবেশীরা।
প্রতিবেশীরা বলেন, পুকুরটি ঘেরা থাকলে বাচ্চাটির এমন করুণ মৃত্যু হতো না। বাড়ীর কাছ থেকে মাত্র ১৫-২০ গজ দুরে পুকুর টি এভাবে অরক্ষিত অবস্থায় রাখা ঠিক হয়নি। একমাত্র পুত্র সন্তানকে হারিয়ে শোকে বিহ্বল পিতা হাসান আলী ও মা প্রিয়া খাতুন। দাদা সিরাজুল ইসলাম বলেন, এভাবে আমাদের একমাত্র বুকের ধন হারিয়ে যাবে স্বপ্নেও ভাবিনি। বাদ জুম্মা জানাজা নামাজ শেষে গ্রাম্য কবরস্থানে তার লাশ দাফন করা হয়।
মেহেরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম জানান, পুকুরের পানিতে ডুবে শিশু মৃত্যুর ঘটনায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

বদলি হতে যাচ্ছেন মেহেরপুর সদর ও মুজিবনগর থানার ওসি

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দেশের সব থানার ওসিকে বদলি করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)।

শুক্রবার ইসি সূত্রে জানা গেছে, প্রথম পর্যায়ে যেসব থানার ওসিরা বর্তমান কর্মস্থলে ছয় মাসের বেশি সময় আছেন, তাদের অন্য জেলায় বা অন্য কোনো থানায় পর্যায়ক্রমে বদলির নির্দেশ দিয়েছে কমিশন। এ হিসেবে মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বদলি হতে যাচ্ছেন।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগকে ইসি আগামী ৫ ডিসেম্বরের মধ্যে এ সংক্রান্ত প্রস্তাব জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

আগামী ৭ জানুয়ারি সংসদ নির্বাচনের ঘোষণা দিয়েছে ইসি। ঘোষিত তফসিল অনুযায়ী, নির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ছিল ৩০ নভেম্বর, বাছাই ১-৪ ডিসেম্বর, রিটার্নিং কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল ও শুনানি ৬-১৫ ডিসেম্বর এবং ১৭ ডিসেম্বরের মধ্যে মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে। প্রতীক বরাদ্দ দেওয়া হবে ১৮ ডিসেম্বর।

মেহেরপুরে নৌকা প্রার্থী ফরহাদ হোসেনের মনোনয়ন দাখিল

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর ১ আসনে নৌকা প্রার্থী ফরহাদ হোসেন মনোনয়নপত্র জমা দিয়েছেন।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে রিটারিং অফিসার শামীম হাসানের হাতে মনোনয়নপত্র জমা দেন তিনি।

এসময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস,জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহিন, জেলা আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক পিপি পল্লব ভট্টাচার্য, সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মোমিন, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হাসেম, ইউপি চেয়ারম্যান আমান হোসেন মিলু, মোঃ শাহ্ জামান,মোঃ সেলিম রেজা, রওশন আলী টোকন,মোঃ আয়ুব হোসেন, মতিউর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের মনোনয়ন দাখিল

মেহেরপুর ১ সংসদীয় আসনের মনোনয়ন পত্র জমা দিয়েছেন স্বতন্ত্র প্রার্থী ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান।

আজ বৃহস্পতিবার (৩০ শে নভেম্বর) দুপুর ৩ টার দিকে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে রিটারিং অফিসার শামীম হাসানের হাতে মনোনয়নপত্র জমা দেন তিনি।

এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি ও মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস, সহ সভাপতি আব্দুল মান্নান, শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, জেলা আওয়ামী লীগের সদস্য কামরুল হাসান চাদু ও যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান প্রমুখ।

মেহেরপুর ১ আসনে লাঙ্গল প্রার্থী আব্দুল হামিদের মনোনয়ন পত্র জমা

মেহেরপুর ১ আসনে মনোনয়ন পত্র জমা দিয়েছেন জাতীয় পার্টির মনোনীত লাঙ্গল প্রার্থী ও জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদ। আজ বৃহস্পতিবার (৩০ নভেম্বর) সকাল ১১ টার সময় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে রিটারিং অফিসার শামীম হাসানের হাতে মনোনয়নপত্র জমা দেন।

এ সময় উপস্থিত ছিলেন সহ-সভাপতি হামিদুল ইসলাম, সহ-সভাপতি আব্দুল মান্নান, সহ-সভাপতি রুহুল সাত্তার, সাধারণ সম্পাদক আব্দুল হাদী, যুগ্ম সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহকারী সাধারণ সম্পাদক আক্তার হোসেন সুমন, শ্রম বিষয়ক সম্পাদক ইকবাল হোসেন, প্রচার সম্পাদক মামলাত হোসেন প্রমুখ।